[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দাগ ৬৮ পাড়া এলাকার রেললাইন থেকে তাঁর মরদেহ উদ্ধার করা হয়। নিহত জয়নাল আবেদীন পঞ্চগড় জেলার বোদা থানার দাঙ্গাপাড়া এলাকার মো. নয়া মিয়ার ছেলে।

পুলিশি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, তিনি বুধবার সন্ধ্যা ৭টার দিকে খুলনা থেকে সীমান্ত এক্সপ্রেস ট্রেনে পঞ্চগড়ের উদ্দেশে রওনা হয়েছিলেন।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, খবর পেয়ে ভেড়ামারা থানা পুলিশের উপপরিদর্শক (নিরস্ত্র) মো. মোকলুকুর রহমানকে ঘটনাস্থলে পাঠানো হয়। এ সময় পোড়াদহ রেলওয়ে পুলিশের সদস্যরাও ঘটনাস্থলে উপস্থিত ছিলেন।

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম শেখ জানান, রাত ১২টার পর যেকোনো সময় ট্রেনে কাটা পড়ে ওই যুবকের মৃত্যু হয়েছে। পোড়াদহ রেলওয়ে পুলিশের সদস্যরা ঘটনাস্থলে রয়েছেন।

পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হুসাইন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। পরিচয় শনাক্তের পর নিহতের স্বজনদের খবর দেওয়া হয়েছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি নেওয়া হয়েছে। তদন্ত প্রতিবেদন ও ময়নাতদন্তের ফলাফলের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ভেড়ামারায় বেওয়ারিশ কুকুরের কামড়ে নারী ও শিশুসহ আহত-২২

কুষ্টিয়ার ভেড়ামারায় ২৪ ঘণ্টায় বেওয়ারিশ কুকুরের কামড়ে নারী, পুরুষ ও শিশুসহ অন্তত ২২ জন আহত হয়েছেন।

গত রোববার সকাল থেকে সোমবার সকাল পর্যন্ত উপজেলার দুটি ইউনিয়নে পৃথক এ ঘটনা ঘটে। হঠাৎ কুকুরের এমন উপদ্রব বাড়ায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র আতঙ্ক বিরাজ করছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, আক্রান্তদের মধ্যে উপজেলার বাহিরচর ইউনিয়নের ৬৮ পাড়া এলাকায় ১২ জন এবং মোকারিমপুর ইউনিয়নের গোলাপনগর ও আশপাশের এলাকায় ১০ জন রয়েছেন।

আহতরা হলেন বাহিরচর ইউনিয়নের জহুরুল, আব্দুল হান্নান, নায়েব আলী মোল্লা, ডাবলু মোল্লা, জাহাঙ্গীর, রুবিনা, হালিম, বাবুল, রজিনা, রিয়াদুল, বাইজিদ ও মানিক। অন্যদিকে মোকারিমপুর ইউনিয়নের গোলাপনগর এলাকার আহতরা হলেন মো. হালিম (৪০), বাইজিদ (৫), বাপ্পি (২৮), মোছা. রিজিয়া খাতুন (৫৫), মো. ফিরাজুল (৪৫), মোছা. জামেলা খাতুন (৪০), মো. বাবলু (৫৫), মো. নাজমুল (২৩), মোহাম্মদ নুর (৬) ও মোছা. খাদিজা (১০)। আক্রান্তদের তাৎক্ষণিকভাবে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিজানুর রহমান জানান, কুকুরের কামড়ে আহত ২২ জনকে হাসপাতালে প্রাথমিক চিকিৎসা এবং জলাতঙ্ক প্রতিরোধী ভ্যাকসিন দেওয়া হয়েছে। তাদের মধ্যে একজনকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে এবং বাকিদের প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে পাঠানো হয়েছে। তিনি শিশু ও বয়স্কদের সতর্ক রাখার পাশাপাশি আক্রান্তদের দ্রুত হাসপাতালে আনার পরামর্শ দেন।

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আমিরুল আরাফাত জানিয়েছেন, কুকুরের কামড়ে আহত এক ব্যক্তি সরকারি সহায়তার জন্য তার দফতরেও এসেছিলেন। তবে উচ্চ আদালতের নির্দেশনা অনুযায়ী বেওয়ারিশ কুকুর নিধনের ওপর নিষেধাজ্ঞা থাকায় প্রশাসনের পক্ষ থেকে কুকুর মারার কোনো সুযোগ নেই। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে তিনি জানান।

ভেড়ামারায় অবৈধ ইটভাটায়

অভিযান, ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার দশমাইল এলাকায় অবৈধভাবে পরিচালিত ‘আরএনবি ব্রিকস’ নামের একটি ইটভাটায় অভিযান চালিয়েছে পরিবেশ অধিদপ্তর।

অভিযানে ইটভাটার কিলন (ভাটা) স্কেভেটর দিয়ে ভেঙে দেওয়া হয়। একই সঙ্গে ইটভাটার উদ্যোক্তাকে ২ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়ের উদ্যোগে এ অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

পরিবেশ অধিদপ্তর সূত্রে জানা গেছে, পরিবেশগত ছাড়পত্রসহ প্রয়োজনীয় আইনগত অনুমোদন ছাড়াই ভেড়ামারার দশমাইল এলাকায় ‘আরএনবি ব্রিকস’ স্থাপন করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছিল। বিষয়টি নজরে আসার পর সেখানে অভিযান পরিচালনা করে পরিবেশ অধিদপ্তর।

অভিযানের সময় স্কেভেটর দিয়ে ইটভাটার কিলন ভেঙে দেওয়া হয়। পাশাপাশি অবৈধভাবে ইটভাটা পরিচালনার দায়ে উদ্যোক্তাকে ২ লাখ টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে আগামী এক সপ্তাহের মধ্যে নিজ উদ্যোগে ইটভাটার চিমনি ভেঙে ফেলার শর্তে তার কাছ থেকে মুচলেকা নেওয়া হয়।

মোবাইল কোর্টে বিচারিক দায়িত্ব পালন করেন কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাহমিদ মোস্তফা হাসান।

অভিযানে প্রধান প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়ের উপপরিচালক মো. এমদাদুল হক। প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন সিনিয়র কেমিস্ট মো. হাবিবুল বাসার। এ সময় পরিবেশ অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা- কর্মচারীরাও উপস্থিত ছিলেন।

অভিযান চলাকালে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কুষ্টিয়া পুলিশ ও জেলা আনসার ব্যাটালিয়নের সদস্যরা দায়িত্ব পালন করেন।

পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, পরিবেশের ক্ষতি করে এবং প্রয়োজনীয় অনুমোদন ছাড়া পরিচালিত অবৈধ ইটভাটার বিরুদ্ধে নিয়মিত

অভিযান পরিচালনা করা হচ্ছে। পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

কুষ্টিয়ার ভেড়ামারায় বাস-ট্রাক সংঘর্ষে নিহত ১

কুষ্টিয়ার ভেড়ামারায় শ্যামলী পরিবহনের একটি বাস ও ট্রাকের সংঘর্ষে মনির হোসেন (২১) নামে একজন নিহত হয়েছেন।

মঙ্গলবার (২৩ জুন) সকালে উপজেলার কুষ্টিয়া-পাবনা মহাসড়কের বাহিরচর ইউনিয়নের দশমাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির নাম মনির হোসেন ট্রাকের হেলপার ছিলেন। সে বগুড়ার সারিয়াকান্দি এলাকার সুরুজ আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসী সূত্রে জানা যায়, মঙ্গলবার সকাল ৭টার দিকে শ্যামলী পরিবহনের একটি দূরপাল্লার যাত্রীবাহী বাস কুষ্টিয়া অভিমুখে যাচ্ছিল।

বিপরীত দিক থেকে আসা লালন শাহ সেতুগামী পাটের বস্তা বোঝাই ট্রাক পাবনা-কুষ্টিয়া মহাসড়কের দশমাইল নামক স্থানে এলে তার সামনের চাকা ব্লাষ্ট হয়ে যায়। ফলে ট্রাকটি মুহূর্তেই নিয়ন্ত্রণ হারায় এবং দুই পরিবহনের সংঘর্ষ হয়। সংঘর্ষে ট্রাকের হেলপার মনির হোসেন ঘটনাস্থলেই প্রাণ হারান।

এ ঘটনায় তিনজন গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এসময় দুর্ঘটনাস্থলে তীব্র যানজটের সৃষ্টি হয়। পরবর্তীতে ভেড়ামারা থানা পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানার ওসি শেখ সেকেন্দার আলী বলেন, সকালে পাবনা-কুষ্টিয়া হাইওয়ের ১০ মাইলে শ্যামলী পরিবহন ও মালবোঝাই ট্রাকের সংঘর্ষ হয়েছে। এতে ট্রাকের হেলপার ঘটনাস্থলেই মারা যান। লাশ স্বজনদের বুঝিয়ে দিয়ে আইন অনুযায়ী পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভেড়ামারায় জেলিযুক্ত চিংড়ি বিক্রি, ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারায় মানবদেহের জন্য ক্ষতিকর জেলিযুক্ত (সিলিকা জেল) চিংড়ি মাছ বিক্রির দায়ে এক মাছ ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে জব্দ করা বিষাক্ত চিংড়ি মাছ ধ্বংস করা হয়েছে।

উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা উপজেলার একটি বাজারে অভিযান পরিচালনা করা হয়। এ সময় চিংড়ি মাছের ওজন ও আকার বাড়ানোর উদ্দেশ্যে ক্ষতিকর সিলিকা জেল ব্যবহারের প্রমাণ পাওয়া যায়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যবসায়ীকে জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ডা. গাজী আশিক বাহার। অভিযানে উপস্থিত ছিলেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা রাশেদ হাসান।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ডা. গাজী আশিক বাহার জানান, খাদ্যে ভেজাল ও ক্ষতিকর রাসায়নিক ব্যবহার জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি। বিশেষ করে মাছের সতেজতা ও ওজন বাড়াতে সিলিকা জেল ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং এটি মানবদেহের জন্য অত্যন্ত ক্ষতিকর।

তিনি আরও বলেন, জনস্বাস্থ্য সুরক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। একই সঙ্গে ব্যবসায়ীদের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত খাদ্য বিক্রির আহ্বান জানান তিনি।

কুষ্টিয়ার ভেড়ামারায় ৫ তলা থেকে পড়ে নির্মাণ শ্রমিকের মৃত্যু, মামলা দায়ের

কুষ্টিয়ার ভেড়ামারায় নির্মাণাধীন একটি ভবনের ৫ তলা থেকে পড়ে রুবেল (৩০) নামের এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে।

গত বুধবার দুপুরে হালিমা বেগম একাডেমির সামনে রথপাড়া এলাকায় গোলাম রহমান খানের নির্মাণাধীন ভবনে কাজ করার সময় এ দুর্ঘটনা ঘটে।

নিহত রুবেল মিরপুর উপজেলার চিথলিয়া ইউনিয়নের মজলিসপুর গ্রামের আব্দুর রাজ্জাক আলীর ছেলে।

ঘটনার পর এলাকায় শোকের ছায়া নেমে আসে। একই সঙ্গে নির্মাণকাজে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে স্থানীয়দের মধ্যে প্রশ্ন উঠেছে। তাদের দাবি, ভবন নির্মাণে শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর নজরদারি জরুরি, যাতে ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা এড়ানো যায়।

স্থানীয় সূত্রে জানা যায়, যথাযথ নিরাপত্তা ব্যবস্থা ছাড়াই কাজ করার সময় অসাবধানতাবশত ছাদ থেকে নিচে পড়ে যান রুবেল। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তিনি রাজমিস্ত্রীর সহকারী (হেলপার) হিসেবে কর্মরত ছিলেন।

এ বিষয়ে ভেড়ামারা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহেদুর রহমান জানান, নিহতের মামা শাহাজাহান আলী বাদী হয়ে ভেড়ামারা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করেছেন। মামলা নম্বর-১৮। তিনি আরও জানান, ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভেড়ামারায় ১০ বছরের মাদ্রাসা ছাত্রীকে ধর্ষণের অভিযোগ, সুপার গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় জামিলাতুন্নেছা মহিলা মাদ্রাসার ১০ বছর বয়সী এক আবাসিক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে ওই মাদ্রাসার সুপার ও প্রতিষ্ঠাতা সাইদুর রহমানের বিরুদ্ধে।

বর্তমানে ভুক্তভোগী শিশুটি রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউতে আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন রয়েছে।

ভুক্তভোগী শিশুটির পরিবার জানা গেছে, পার্শ্ববর্তী দৌলতপুর উপজেলার মরিচা ইউনিয়নের বাসিন্দা ওই শিশুটি প্রায় ৮ মাস আগে ভেড়ামারার চৈতন্য মোড়ে অবস্থিত জামিলাতুন্নেছা মহিলা মাদ্রাসায় ভর্তি হয়। মাদ্রাসাটির দ্বিতীয় তলায় আবাসিক ছাত্রী হোস্টেল এবং নিচতলায় সপরিবারে থাকতেন অভিযুক্ত সুপার সাইদুর রহমান। পুরো মাদ্রাসায় তিনিই একমাত্র পুরুষ শিক্ষক ছিলেন।

গত রোববার মাদ্রাসার ছুটির দিনে শিশুটির মা তাকে নিতে আসলে বিষয়টি জানাজানি হয়। শুরুতে সুপারের স্ত্রী শিশুটির অসুস্থতার (জ্বর) কথা বলে ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। কিন্তু হাসপাতালে নেওয়ার পর চিকিৎসকরা শিশুটির শারীরিক অবস্থার অবনতি দেখে দ্রুত তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের পরামর্শ দেন।

ভুক্তভোগী শিশুটির মা কান্নায় ভেঙে পড়ে বলেন, “ভর্তির সময় এখানে ৪০-৪৫ জন ছাত্রী ছিল, এখন মাত্র ৭ জন আছে। ওরা আমার মেয়ের জীবন শেষ করে দিয়েছে। আমি এই নরপশুর কঠিন বিচার চাই।”

শিশুটির বাবা ক্ষোভ প্রকাশ করে বলেন, “কোরআন শেখার জন্য মেয়েকে মাদ্রাসায় দিয়েছিলাম। এমন সর্বনাশ যেন আর কারো না হয়। এরা পশুর চেয়েও জঘন্য।”

এদিকে অভিযুক্ত সাইদুর রহমান ও তার স্ত্রী বিষয়টি অস্বীকার করলেও স্থানীয়দের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। এলাকাবাসীর প্রশ্ন, মাদ্রাসা কর্তৃপক্ষের কোনো দায় না থাকলে শিশুটি এমন

আশঙ্কাজনকভাবে অসুস্থ হলো কীভাবে?

এ বিষয়ে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ জাহেদুর রহমান জানান, অভিযোগ পাওয়ার পরপরই অভিযুক্ত সাইদুর রহমানকে আটক করে আদালতে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান, ঘটনার সঠিক তদন্ত করে দ্রুত প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভেড়ামারায় পুকুরে মিলল বৃদ্ধার গলা ও হাত-পা বাঁধা লাশ

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় পুকুর থেকে একই ওড়না দিয়ে গলা ও হাত-পা বাঁধা অবস্থায় খায়রুন নেছা (৭৫) নামের এক বৃদ্ধার লাশ উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার সকালে ধরমপুর ইউনিয়নের রামচন্দ্রপুর বানুতলা এলাকার একটি পুকুরে লাশ ভাসতে দেখে কিনারায় নিয়ে আসেন স্থানীয়রা।

পরে থানায় জানালে পুলিশ এসে খায়রুন নেছার লাশ উদ্ধার করে। তিনি ওই একই এলাকার মৃত জব্বার শেখের স্ত্রী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, খায়রুন নেছার গলা ও দুই পা একই ওড়না দিয়ে বাঁধা ছিল। এ ছাড়া তাঁর এক চোখ দিয়ে রক্ত ঝরছিল। পায়ের স্যান্ডেল ও ভর দিয়ে চলাফেরা করা লাঠি পুকুরের পাড়ে পড়েছিল।

স্থানীয়দের ভাষ্যমতে, বৃদ্ধার তিন ছেলে ও এক মেয়ে রয়েছে। খায়রুন নেছা তাঁর মেজো ও ছোট ছেলের কাছে থাকতেন। ছেলের বউদের সঙ্গে ঝামেলা হলে মাঝেমধ্যেই অন্যত্র গিয়ে থাকতেন।

বৃদ্ধার মেয়ে মোছা. ফুলজান খাতুন বলেন, ‘আমার মায়ের লাশ একই ওড়না দিয়ে হাত-পা ও গলা বাঁধা ছিল। তাঁর লাশ পুকুরের মাঝখানে ভাসছিল। এটা কীভাবে সম্ভব হলো? কিছুই বুঝতে পারছি না। আমি এই ঘটনার সুষ্ঠু তদন্ত ও জড়িতদের সর্বোচ্চ বিচার চাই।’

ভেড়ামারা থানার পরিদর্শক (তদন্ত) রাকিবুল ইসলাম বলেন, ‘পুকুর থেকে উদ্ধার বৃদ্ধার লাশ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত চলছে। এ বিষয়ে লিখিত অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।’

কুষ্টিয়ার ভেড়ামারায় অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় একটি ধানক্ষেত থেকে অজ্ঞাত এক ব্যক্তির মুখ পোড়া, গলাকাটা ও বিবস্ত্র মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৬ নভেম্বর) সকালের দিকে কৃষকরা উপজেলার ধরমপুর ইউনিয়নের রামচন্দ্রপুর বিলে ধানক্ষেতে মরদেহটি দেখে পুলিশকে জানান।

স্থানীয়রা জানান, বুধবার সকালে প্রতিদিনের মতো তারা মাঠে ধান কাটতে যায়। এ সময় রামচন্দ্রপুর বিলে কৃষক মনিরের জমিতে তারা মধ্যবয়সি এক পুরুষের মুখ পোড়ানো, গলাকাটা ও বিবস্ত্র মরদেহ দেখতে পায়।

তারা জানান, ওই মানুষটিকে গতকাল মঙ্গলবার রাতেই হয়তো গলা কেটে হত্যা করা হয়েছে। পরে মরদেহটির মুখে আগুন দিয়ে পার্শ্ববর্তী ধানক্ষেতে দুর্বৃত্তরা ফেলে যায়। সকালে মরদেহ দেখে আতঙ্কিত কৃষকরা পুলিশে খবর দেন।

স্থানীয় কৃষক রাজা আলী বলেন, ‘সকালে আমি আমার জমিতে সার ও বীজ বুনতে এসেছিলাম। আমার ঠিক পাশের জমিতেই তাকিয়ে দেখি পুতুলের মতো কি যেন পড়ে আছে। কাছে গিয়ে দেখি, মধ্যবয়সি একজন মানুষের মুখ পোড়ানো, গলাকাটা ও বিবস্ত্র মরদেহ পড়ে আছে। পরে আমি কৃষক রুহুল শেখের মোবাইল থেকে পুলিশকে বিষয়টি জানিয়েছি।’

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আবদুর রব তালুকদার বলেন, ‘মরদেহের পরিচয় শনাক্তের চেষ্টা চালাচ্ছি। আইনশৃঙ্খলা বাহিনীর একাধিক টিম অপরাধী শনাক্তের কাজ করছে।’